বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের আগস্ট/১৭ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের আগস্ট/১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৫/০৯/২০১৭ তারিখে ব্রি'র সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

২ উপস্থাপনঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব মুঃ মুনিরুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

৩ বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ

গত ২৮/০৮/২০১৭ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

৪ বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

৪.১ ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে প্রতিটি প্রকল্পের অগ্রগতি শতভাগ অর্জনের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে দরপত্র আহবান এবং ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে কার্যাদেশ প্রদান বিষয়ক সিদ্ধান্ত নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের ৩টি গাড়ী ক্রয়ের দরপত্র ব্যতীত সকল দরপত্র আহবান সমাপ্ত হয়েছে। ২টি ব্যতীত সকল দরপত্রের কার্যাদেশ ৩০ সেপ্টেম্বর ২০১৭ এর মধ্যে সম্পন্ন হবে। তবে পরামর্শক নিয়োগের একটি ও নির্মাণ কাজের একটি কার্যাদেশ প্রদান আগামী ১০ অক্টোবরের মধ্যে সম্পন্ন হবে বলে প্রকল্প পরিচালক সভাকে জানান। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়নের নির্দেশ প্রদান করেন। সভায় আরও আলোচনা হয় যে, আঞ্চলিক কার্যালয় সমূহের কার্য/মালামাল ক্রয়ের ক্ষেত্রে প্রাক্কলন থেকে বাস্তবায়ন পর্যন্ত প্রতিটি ধাপের পূর্বে কার্যালয় প্রধানের সাথে অলোচনা করে দরপত্র আহবান করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয় এবং কার্যাদেশ ও স্পেশিফিকেশনের কপি দ্রুত আঞ্চলিক কার্যালয়ে প্রদান করতে পরামর্শ প্রদান করেন।

৪.২ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় ধানের জাত যেমন-কৃষ্ণভোগ, কাজললতা, দুদুলতার উপর গবেষণা করে উচ্চফলনশীল ধানের জাত উদ্ভাবন কার্যক্রমটি চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে কাটারিভোগ, জেসমিন টাইপ, টেপি বোরো ও বোরো মৌসুমে বালাম ধানের জাত নিয়ে ড. তমাল লতা আদিত্য, সিএসও ও প্রধান উদ্ভিদ প্রজনন বিভাগ এবং আমন মৌসুমে গ্লুটিনিয়াস ও বিরই ধানের জাত নিয়ে ড. আব্দুল কাদের গবেষণা করছেন বলে উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান মহাপরিচালক মহোদয়কে জানান। এছাড়াও ড. এস এম মাসুদুজ্জমান, সিএসও পরিচালক গবেষণার দপ্তর থেকে উদ্ভিদ প্রজনন বিভাগে যোগদান করেছেন। তাঁকে গভীর পানিতে চাষাবাদ উপযোগী গোপালগঞ্জ অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ এবং সিলেট অঞ্চলের লালমোহন ধানের Pure Line নির্বাচন করে নতুন জাত উদ্ভাবন করতে এবং এই জাতগুলো ক্রসিং করে আরও উন্নত জাতের ধান উদ্ভাবন করতে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন। সার্বিক বিষয়টি পরিচালক (গবেষণা) এবং বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ মনিটর করবেন।

৪.৩ প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করা হচ্ছে। এ প্রসঙ্গে এফএমপিএইচটি বিভাগের বিভিন্ন করণীয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৪ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের লক্ষ্যে সকল বিভাগীয় প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে তাদের নিজ নিজ বিভাগ বা কার্যালয়ের জন্য প্রয়োজনীয় মালামাল/কার্যাদির চাহিদাপত্র প্রকল্প পরিচালকের নিকট ডিসেম্বর/১৭ এর মধ্যে জমা দিতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।

৫ ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী আগস্ট/১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

৫.১.১ এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি'তে ০২টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট এডিপি বরাদ্দ ১০১৯৭.০০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি ৮৯১৫.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১২৮২.০০ লক্ষ টাকা। আগস্ট/১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ৭৭২.৬৭ লক্ষ টাকা; যা বরাদ্দের ৭.৫৮% মাত্র। জিওবি বরাদ্দের ৩.২৮% (২৯২.৬৭ লক্ষ টাকা) এবং প্রকল্প সাহায্য ৩৭.৪৪% (৪৮০.০০ লক্ষ টাকা) মাত্র। গত অর্থবছরে আগস্ট/১৬ পর্যন্ত ব্যয় হয়েছিল ১৫.৫৬% (১১৯.২১ লক্ষ টাকা)। ২০১৭-১৮ অর্থবছরে ২টি প্রকল্পে মোট ৬৬টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তার মধ্যে ৫৫টি দরপত্র আহবান এবং ৩১টি কার্যাদেশ প্রদান করা হয়েছে।

(ক) ২০১৭-১৮ অর্থ বছরে দরপত্র অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
উন্নয়ন প্রকল্প				
১. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প (নতুন প্রকল্প)	৬৬টি	৬৪৮০.৩৬	৫৫টি	৩১টি
২. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি	-	-	-	-
মোট	৬৬টি	৬৪৮০.৩৬	৫৫টি	৩১টি

(খ) ২০১৭-১৮ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) আগস্ট/১৭ পর্যন্ত)	আগস্ট/১৭ পর্যন্ত অগ্রগতি	গত বছরের আগস্ট/২০১৬ পর্যন্ত সময়ে অগ্রগতি	আগস্ট/২০১৭ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
১. উন্নয়ন প্রকল্প					
১.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৮৫০০.০০ (৮৫০০.০০) (-)	৪২৫০.০০ (৫০.০০) ৪২৫০.০০ (৫০.০০) -	২৭৭.৯২ (৩.২৭) ২৭৭.৯২ (৩.২৭) -	- - -	১০%
১.২ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি প্রকল্প	১৬৯৭.০০ (৪১৫.০০) (১২৮২.০০)	৬৮৭.৫০ (৪০.৫১) ২০৭.৫০ (৫০.০০) ৪৮০.০০ (৩৭.৪৪)	৪৯৪.৭৫ (২৯.১৫) ১৪.৭৫ (৩.৫৫) ৪৮০.০০ (৩৭.৪৪)	- - -	৩০%
মোট = ২টি প্রকল্প	**১০১৯৭.০০** **(৮৯১৫.০০)** **(১২৮২.০০)**	**৪৯৩৭.৫০ (৪৮.৪২)** **৪৪৫৭.৫০ (৫০.০০)** **৪৮০.০০ (৩৭.৪৪)**	**৭৭২.৬৭ (৭.৫৮)** **২৯২.৬৭ (৩.২৮)** **৪৮০.০০ (৩৭.৪৪)**	- - -	-
২. রাজস্ব বাজেট					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১০৬৫৮.৩০ (১০৬৫৮.৩০) (-)	২৮২৮.৯৪ (২৬.৫৪) ২৮২৮.৯৪ (২৬.৫৪) -	১৬৭৩.৯০ (১৫.৭১) ১৬৭৩.৯০ (১৫.৭১) -	১২৮৯.১০ (১৪.৫৯) ১২৮৯.১০ (১৪.৫৯) -	১৭%
উপমোট	১০৬৫৮.৩০ (১০৬৫৮.৩০) (-)	২৮২৮.৯৪ (২৬.৫৪) ২৮২৮.৯৪ (২৬.৫৪) -	১৬৭৩.৯০ (১৫.৭১) ১৬৭৩.৯০ (১৫.৭১) -	১২৮৯.১০ (১৪.৫৯) ১২৮৯.১০ (১৪.৫৯) -	-
সর্বমোট (১+২)	**২০৮৫৫.৩০** **(১৯৫৭৩.৩০)** **(১২৮২.০০)**	**৭৭৬৬.৪৪ (৩৭.২৪)** **৭২৮৬.৪৪ (৩৭.২৩)** **৪৮০.০০ (৩৭.৪৪)**	**২৪৪৬.৫৭ (১১.৭৩)** **১৯৬৬.৫৭ (১০.০৫)** **৪৮০.০০ (৩৭.৪৪)**	**১২৮৯.১০ (১২.৮৬)** **১২৮৯.১০ (১৩.৪৮)** -	-

(গ) বিবিধঃ

১. নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:

প্রকল্পের নাম: Transforming Rice Breeding Through Capacity Enhancement of BRRI (TRB-BRRI)
প্রকল্পের মেয়াদ কাল: ১ জানুয়ারী ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ (৪ বছর), প্রকল্পের মোট বরাদ্দ: ৩১৪০.০০ লক্ষ টাকা (একত্রিশ কোটি চল্লিশ লক্ষ টাকা মাত্র), ২০১৭-১৮ অর্থবছরের বরাদ্দ ৭১৫.০০ লক্ষ টাকা, ২০১৭-১৮ অর্থবছরের আগস্ট/২০১৭ পর্যন্ত ব্যয় ১৩৮.০৫ লক্ষ টাকা (১৯.৩১%), ২০১৭-১৮ অর্থবছরের আগস্ট/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১২৭২.০৫ লক্ষ টাকা (৪০.৫১%)।

৬. সিদ্ধান্ত/সুপারিশঃ

ক্রঃ নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
১.	২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে প্রতিটি প্রকল্পের অগ্রগতি শতভাগ অর্জনের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদান সম্পন্ন করতে হবে।	সকল প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ, নির্বাহী প্রকৌশলী এবং সহকারী পরিচালক (সংগ্রহ)।
২.	আঞ্চলিক কার্যালয়সমূহের কার্য/মালামাল সংগ্রহের দরপত্র আহবানের পূর্বে প্রাক্কলন পর্যায়ে কার্যালয় প্রধানের সাথে আলোচনা করে ডিপিপি বরাদ্দের মধ্যে বিধিবিধান মেনে সম্পন্ন করতে হবে এবং সকল দরপত্রের কার্যাদেশের কপি ও. পুরো কাজের স্পেশিফিকেশন সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে দ্রুত প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং আঞ্চলিক কার্যালয় প্রধানগণ।
৩.	৩.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় জাত যেমন – কৃষ্ণভোগ, কাজললতা, দুদুলতার উপর গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে। এক্ষেত্রে বালাম, লক্ষ্মীদীঘা, দিনাজপুরের কাটারিভোগ এবং ময়মনসিংহের বিরই ও টেপি বোরোসহ বিভিন্ন জনপ্রিয় স্থানীয় ধানের উপর গবেষণা পরিচালনা করতে উদ্ভিদ প্রজনন বিভাগের বিভাগীয় প্রধানের তত্ত্বাবধানে অন্যান্য উর্ধ্বতন বিজ্ঞানীদের নিয়ে উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন করতে হবে। পাশাপাশি গ্লুটিনিয়াস এবং জেসমিন এর উপর গবেষণা কার্যক্রম আরও জোরদার করতে হবে।	পরিচালক (গবেষণা) এবং উদ্ভিদ প্রজনন বিভাগ।
	৩.২ স্থানীয় বর্ষা ধান চাষাবাদ উপযোগী অঞ্চল বিশেষ করে বরিশাল অঞ্চলে বর্ষা ধানের চাষাবাদের এলাকা বাড়ানোর উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রধান, বরিশাল আঞ্চলিক কার্যালয়।
	৩.৩ উপরে উল্লিখিত সকল গবেষণা সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত একটি প্রতিবেদন প্রতি মাসের এডিপি সভায় পরিচালক (গবেষণা) কে উপস্থাপন করতে হবে।	পরিচালক (গবেষণা)।
৪	মায়ানমার, নেপাল, আফ্রিকা, ভারতসহ বিভিন্ন দেশ থেকে আনা/সংগৃহীত জার্মপ্লাজম নিয়ে নতুন নতুন গবেষণা কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিচালক (গবেষণা)।
৫.	৫.১ প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি এডিপি মাসিক সভায় উপস্থাপন করতে হবে। এ প্রেক্ষাপটে এফএমপিএইচটি বিভাগকে তাদের বিজ্ঞানীদের নিয়ে কৃষি যন্ত্রপাতির উদ্ভাবন এবং উন্নয়নে তাদের সক্ষমতা ও করণীয় সম্পর্কে ব্রি কর্তৃপক্ষের সাথে আগামী সপ্তাহে একটি সভার আয়োজন করতে হবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ।
	৫.২ হেডফিড কম্বাইন্ড হারভেস্টর ও পাওয়ার চালিত রাইস ট্রান্সপ্লান্টার উদ্ভাবনের সম্ভাবনা ও করণীয় নিয়ে আগামী এডিপি সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ।
৬.	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের লক্ষ্যে সকল বিভাগীয় প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে তাদের নিজ নিজ বিভাগ বা কার্যালয়ের জন্য প্রয়োজনীয় মালামাল/কার্যাদির চাহিদাপত্র প্রকল্প পরিচালকের নিকট ডিসেম্বর/১৭ এর মধ্যে জমা দিতে হবে।	প্রকল্প পরিচালক, সকল বিভাগীয় প্রধান/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ।
৭.	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের অধীনে কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের বাউন্ডারি ওয়াল বারি'র প্রবেশ পথের সাইড থেকে নির্মাণের কাজ অতি দ্রুত শুরু করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং প্রধান, কুমিল্লা আঞ্চলিক কার্যালয়।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৯/১৭
(মুঃ মুনিরুল ইসলাম)
প্রধান পরিকল্পনা কর্মকর্তা

২৭/৯/২০১৭
(ড. মোঃ শাহজাহান কবীর)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)